# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৯৮

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৭. সাদাকাতুল ফিতর (যাকাতুল ফিতর) সম্পর্কে

بَاب فِي زَكَاةِ الْفِطْرِ

---

আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ حَدَّثَنَا مَالِكٌ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ قَالَ فَرَضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَاةَ الْفِطْرِ مِنْ رَمَضَانَ صَاعًا مِنْ تَمْرٍ أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ عَلَى كُلِّ حُرٍّ وَعَبْدٍ ذَكَرٍ أَوْ أُنْثَى مِنْ الْمُسْلِمِينَ قِيلَ لِأَبِي مُحَمَّدٍ تَقُولُ بِهِ قَالَ مَالِكٌ كَانَ يَقُولُ بِهِ

বাংলা

১৬৯৮. আব্দুল্লাহ্ ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত আছে, স্বাধীন লোক অথবা গোলাম, পুরুষ অথবা স্ত্রীলোক নির্বিশেষে প্রত্যেক মুসলিমের উপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম এক সা’আ পরিমাণ খেজুর অথবা এক সা’আ পরিমাণ যব রামাযান মাসের ফিতরা হিসাবে নির্ধারণ করে দিয়েছেন।[1]

আবূ মুহাম্মদ কে জিজ্ঞেস করা হলো, আপনি কি এমত গ্রহণ করেছেন? তিনি বললেন, মালিক এ মতামত দিতেন।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ শক্তিশালী। আর হাদীসটি বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, যাকাত ১৫০৪; মুসলিম, যাকাত ৯৮৪; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৮৩৪; সহীহ ইবনু হিব্বান নং ৩৩০১, ৩৩০২, ৩৩০৩, ৩৩০৪ ও মুসনাদুল হুমাইদী নং ৭১৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81981

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন